

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৯৭

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

**বিশ্ব পর্যটন দিবসে আগরতলায় পিস ওয়াক**  
**রাজ্যের অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে পর্যটন শিল্প**  
**গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে : রাজ্যপাল**



রাজ্যের অর্থনৈতিক সমৃদ্ধির ক্ষেত্রে পর্যটন শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। রাজ্যে এই শিল্পের বিকাশের জন্য কেন্দ্র এবং রাজ্যের বর্তমান সরকার নানা পদক্ষেপ নিয়েছে। বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আজ সকালে উজ্জয়ন্ত প্যালেসে সাইকেল র্যালি এবং পিস ওয়াকের ফ্ল্যাগ অফ করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্কু একথা বলেন। রাজ্যপাল বলেন, ত্রিপুরায় পর্যটন শিল্পের উজ্জ্বল ভবিষ্যত রয়েছে। এখানে অনেক দর্শনীয় স্থান রয়েছে, যেগুলি দেশি এবং বিদেশি পর্যটকদের দারুণভাবে আকৃষ্ট করছে। প্রতিবছর যেভাবে রাজ্যে পর্যটকদের আগমনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে তাতে এই বিষয়টি স্পষ্ট প্রতিফলিত হচ্ছে।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্কু বলেন, রাজ্যে ধর্মীয় পর্যটনকে উৎসাহিত করার লক্ষ্যে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরকে আকর্ষণীয়ভাবে সাজিয়ে তোলা হচ্ছে। রাজ্যের রাজন্য আমলের স্মৃতি বিজড়িত নীরমহলকেও পর্যটকদের সামনে নতুন করে সাজিয়ে তোলা হয়েছে। তিনি বলেন, পর্যটনের বিকাশের জন্য শান্তির পরিবেশ বিরাজ করা ভীষণ প্রয়োজন। ত্রিপুরা খুবই শান্তিপূর্ণ রাজ্য হিসেবে পরিচিত। আতিথেয়তার ক্ষেত্রেও রাজ্যের সুনাম শুধুমাত্র দেশ নয়, বিদেশের মাটিতেও প্রতিষ্ঠিত। তিনি রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রের দৃশ্য উপভোগ করার জন্য ত্রিপুরায় আসতে দেশি এবং বিদেশি পর্যটকদের কাছে আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, ত্রিপুরাকে সমগ্র বিশ্বের কাছে তুলে ধরার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্যের বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি ও রাজ্যপালের যুগ্ম সচিব রতন ভৌমিক।

\*\*\*\*\*